সারো Shaaro

বিষয় শিক্ষকদের জন্য

# সারো: শিক্ষকের হাতবই

## প্রশ্নপত্র, হাজিরা, নম্বর আর রেজাল্ট শিট, এক ফোনে

এই বই বিষয় শিক্ষকদের জন্য। ফোনে পড়ার মতো করে লেখা। প্রতিটা ধাপ স্ক্রিনের সাথে মিলিয়ে দেওয়া আছে। পর্দার ছবিতে যা দেখবেন, আপনার ফোনেও তাই দেখবেন।

**shaaro.net** সংস্করণ ১ · অক্টোবর ২০২৬ hello@shaaro.net

# সূচিপত্র


১ এক পাতায় সারো

২ আপনার লিংক আর লগইন

৩ আজকের পাতা

৪ প্রশ্নপত্র বানানো

৫ হাজিরা

৬ নম্বর তোলা

৭ রেজাল্ট শিট আর রিপোর্ট কার্ড

৮ দক্ষতা গ্রুপ আর প্র্যাকটিস

৯ অ্যাসাইনমেন্ট

১০ ক্লাসের আরও কাজ

১১ প্রশ্ন আর রিসোর্স যোগ করা

১২ সমস্যা আর প্রশ্ন

১৩ এক নজরে

অধ্যায় ১

# এক পাতায় সারো

সারো কী করে, আর আপনার দিনে কী বদলায়।

সারো একটা স্কুল ব্যবস্থাপনার অ্যাপ। ঠিকানা **shaaro.net**। এর একটাই বড় কাজ: শিক্ষকের প্রশ্নপত্র, নম্বর আর রেজাল্ট শিট কাগজ থেকে ফোনে আনা। যা আগে রাত জেগে হাতে যোগ করতেন, সারো তা নিজে হিসাব করে।

## আপনি যা করবেন, সারো যা করবে

| আপনি | সারো |
|---|---|
| প্রশ্নে টিক দেন | প্রশ্নপত্র, সেট আর উত্তরমালা বানায় |
| অনুপস্থিতদের ট্যাপ করেন | রেজিস্টার পূরণ করে, অভিভাবককে SMS পাঠায় |
| রোল ধরে নম্বর তোলেন | মোট, GPA, গ্রেড আর মেধাক্রম বের করে |
| একবার পাঠান | টেবুলেশন শিট, রিপোর্ট কার্ড আর দক্ষতা গ্রুপ তৈরি করে |

## ইন্টারনেট না থাকলেও চলে

সারো আপনার কাজ আগে ফোনে জমা রাখে। নেট এলে একটার পর একটা পাঠিয়ে দেয়। ওপরের কোণে একটা ছোট বিন্দু থাকে। সবুজ মানে সব পাঠানো হয়েছে। হলুদ মানে কয়েকটা কাজ এখনো ফোনে আছে। ধূসর মানে এখন নেট নেই। কোনোটাতেই ভয়ের কিছু নেই।




**ছবি ১.** নেট নেই, তিনটা কাজ ফোনে জমা আছে। নেট এলে নিজেই যাবে।

## ভাষা

সারো বাংলায় খোলে। ওপরের **বাং / EN** বোতামে এক ট্যাপে ইংরেজি হয়। ইংলিশ ভার্সন, কেমব্রিজ আর এডেক্সেল স্কুলে সারো নিজে থেকে ইংরেজিতে খোলে।

> 💡 সারো কখনো কোনো শিক্ষার্থীকে দুর্বল বা ফেল বলে না। দক্ষতার দল তিনটা: ভালো পারে, কিছুটা পারে, চেষ্টা করলে পারবে।

অধ্যায় ২

# আপনার লিংক আর লগইন

একাউন্ট আগেই বানানো থাকে। কীভাবে ঢুকবেন।

আপনার একাউন্ট স্কুল বা অফিস আগেই বানিয়ে রাখে। আপনার ফোনে একটা SMS আসে। তাতে থাকে একটা লিংক আর চার সংখ্যার পিন। নাম, স্কুল বা ভূমিকা কিছুই আপনাকে বাছতে হয় না।

১. SMS-এর লিংকে ট্যাপ করুন।
২. চার সংখ্যার পিন লিখুন।
৩. **ঢুকুন** চাপুন। আপনার আজকের পাতা খুলবে।




**ছবি ২.** লিংক আর পিন দিয়ে ঢোকা। পাঁচবার ভুল হলে ১৫ মিনিট অপেক্ষা।

Google একাউন্ট থাকলে **Google দিয়ে চালিয়ে যান** চাপলেও হয়। নতুন পাসওয়ার্ড মনে রাখতে হয় না।

## লগইন ছাড়াও প্রশ্নপত্র

shaaro.net খুলে শ্রেণি আর বিষয় বাছলেই প্রশ্নপত্র বানানো যায়। দুই-তিনটা প্রশ্নপত্র নেওয়ার পর সারো একবার জিজ্ঞেস করে, সেভ করে রাখবে কি না। **এখন না** চাপলেও কাজ থামে না।




**ছবি ৩.** তিনটা প্রশ্নপত্রের পর লগইনের প্রস্তাব। দুবার এড়ানো যায়।

## স্কুল তালিকায় নেই?

কিন্ডারগার্টেন, নতুন স্কুল বা EIIN নেই এমন স্কুলের শিক্ষকও সারো চালাতে পারেন। লগইন পাতায় **স্কুল তালিকায় নেই** চাপুন, স্কুলের নাম দিন। সাথে সাথে কাজ শুরু হয়। সারোর টিম পরে মিলিয়ে নেয়।

> ⚠️ পিন কাউকে বলবেন না। সারো বা স্কুল কখনো ফোন করে পিন চাইবে না।

অধ্যায় ৩

# আজকের পাতা

আজ কোন ক্লাস, আর কোন কাজ বাকি।

ঢুকলেই আজকের পাতা খোলে। ওপরে আজকের পিরিয়ডগুলো, রুটিন অনুযায়ী। যে ক্লাস এখন চলছে, তার চারপাশে নীল দাগ। নিচের বড় বোতামে সেই ক্লাসের হাজিরা এক ট্যাপে।




**ছবি ৪.** আজকের পাতা: ৪টা ক্লাস, এখন চলছে ৯ম বিজ্ঞান।

## এখন যা বাকি

এই তালিকা সারো নিজে বানায়। যেমন কোন শাখার নম্বর তোলা বাকি, কোন রেজাল্ট শিট পাঠানো বাকি, কোন গ্রুপের জন্য প্র্যাকটিস শিট তৈরি। ট্যাপ করলে সোজা সেই কাজে যায়।

কোনো পিরিয়ডে ট্যাপ করলে সেই ক্লাসের সব কাজ একসাথে আসে: হাজিরা, নম্বর, বাড়ির কাজ, কুইজ আর স্মার্ট বোর্ড।




**ছবি ৫.** একটা পিরিয়ডে ট্যাপ করলে এই তালিকা।

# প্রশ্নপত্র বানানো

শ্রেণি, বিষয়, অধ্যায়, তারপর প্রশ্নে টিক।

১. মেনু থেকে **প্রশ্নপত্র বানান** চাপুন। বা হোম পাতায় শ্রেণি আর বিষয় বেছে **খুলুন**।
২. অধ্যায়ের তালিকা থেকে একটা অধ্যায় খুলুন।
৩. **প্রশ্নপত্র বানান** চাপুন।
৪. প্রশ্নে টিক দিন। নিচে মোট প্রশ্ন আর নম্বর দেখাবে।
৫. **পরের ধাপ** চাপুন, অপশন ঠিক করুন, তারপর **PDF** বা **Word**।




**ছবি ৬.** গণিত, ষষ্ঠ শ্রেণি: অধ্যায়ের তালিকা। পড়ানো অধ্যায়ে টিক দিলে সিলেবাস কতটা শেষ, তা দেখায়।

## প্রশ্ন বাছাই

ওপরের চিপ দিয়ে ধরন বাছুন: বহুনির্বাচনি, সংক্ষিপ্ত, সৃজনশীল, শূন্যস্থান, মিলকরণ, ক্রম সাজাও। মান দিয়েও ছাঁকা যায়: সহজ, মাঝারি, কঠিন। **দেখানো সবগুলো নিন** চাপলে এক ট্যাপে সব।




**ছবি ৭.** প্রতিটা প্রশ্নের নিচে সবুজ চিপ: কতজন শিক্ষক এটা যাচাই করেছেন।

| চিপ | মানে |
|---|---|
| সবুজ: কতজন যাচাই করেছেন | দুই স্কুলে যাচাই হয়েছে, আর যত শিক্ষক নামিয়েছেন সবাই একবার করে দেখেছেন |
| হলুদ: আরেক স্কুল বাকি | নিজের স্কুলে যাচাই হয়েছে, আরেক স্কুলের শিক্ষক দেখবেন |
| ধূসর: নতুন | এখনো যাচাই চলছে। চাইলে বাদ দিন। |

## অপশন আর সেট

একসাথে চারটা পর্যন্ত সেট বানানো যায়। প্রতি সেটে প্রশ্ন আর অপশনের ক্রম আলাদা। পাশাপাশি বসা শিক্ষার্থীর প্রশ্ন মিলবে না। কাগজ A4 বা লিগ্যাল। স্কুলের নাম, আপনার নাম আর শ্রেণি দেখাবেন কি না, সুইচে ঠিক করুন। উত্তরমালা আলাদা পাতায় আসে।




**ছবি ৮.** প্রিভিউ যা দেখায়, প্রিন্টও ঠিক তাই হয়। সারোর লোগো প্রশ্নপত্রে থাকে না।

💡 Word ফাইলে নিলে নিজের মতো বদলাতে পারবেন। বাংলা ফন্ট ঠিক থাকে।

অধ্যায় ৫

# হাজিরা

সবাই উপস্থিত ধরা থাকে। শুধু অনুপস্থিতদের ট্যাপ।

১. আজকের পাতায় **হাজিরা নিন** চাপুন।
২. অনুপস্থিত শিক্ষার্থীর নামে একবার ট্যাপ করুন। লাল হবে।
৩. দেরিতে এলে আরেকবার ট্যাপ করুন। হলুদ হবে। আবার ট্যাপ করলে উপস্থিত।
৪. **জমা দিন** চাপুন।




**ছবি ৯.** দুইজন অনুপস্থিত, একজন দেরিতে। নিচে লেখা কয়জন অভিভাবক SMS পাবেন।

জমা দিলে অনুপস্থিতদের অভিভাবক পাঁচ মিনিটের মধ্যে বাংলায় একটা SMS পান। যে অভিভাবক SMS বন্ধ করেছেন, তিনি পান না। খরচ নিচে লেখা থাকে।

## মাসিক রেজিস্টার

**মাসিক রেজিস্টার** ট্যাবে পুরো মাসের হাজিরা পরিদর্শনের ফরম্যাটে আসে। এক মাস এক A4 পাতায়। প্রিন্ট করে সই দিলেই হয়।




**ছবি ১০.** অক্টোবরের রেজিস্টার, শুধু স্কুল খোলার দিনগুলো।

অধ্যায় ৬

# নম্বর তোলা

রোল ধরে, কিপ্যাডে। পরের জন নিজেই আসে।

ষাট জনের নম্বর পাঁচ মিনিটের মধ্যে তোলার জন্য এই পাতা বানানো। ওপরে তালিকা, নিচে বড় কিপ্যাড। যার নম্বর তুলছেন, তার সারি নীল।




**ছবি ১১.** ২৩ নম্বর রোলের পালা। আগের ২২ জনের নম্বর তোলা হয়ে গেছে।

১. নম্বর টাইপ করুন। যেমন ৭৪।

২. আর অঙ্ক বসার জায়গা না থাকলে সারো নিজেই পরের রোলে যায়। নইলে **পরের** চাপুন।

৩. কেউ পরীক্ষা না দিলে **অনুপস্থিত** চাপুন।

৪. ভুল হলে ⌫ চাপুন, বা তালিকায় সেই নামে ট্যাপ করে আবার লিখুন।

💡 কম্পিউটারে কিবোর্ডেই চলে: সংখ্যা, Backspace, Enter, আর অনুপস্থিতের জন্য A।

⚠️ পূর্ণমানের বেশি নম্বর সারো নেয় না। প্রতিটা নম্বর সাথে সাথে ফোনে সেভ হয়। নেট গেলেও হারায় না।

অধ্যায় ৭

# রেজাল্ট শিট আর রিপোর্ট কার্ড

নম্বর তোলা শেষ হলেই শিট তৈরি।

সব বিষয়ের নম্বর এলে সারো টেবুলেশন শিট বানায়: মোট, প্রতি বিষয়ের জিপি, GPA, গ্রেড আর মেধাক্রম। গ্রেডের নিয়ম স্কুল ঠিক করে, ডিফল্ট জাতীয় শিক্ষাক্রম।




**ছবি ১২.** বোর্ডের ফরম্যাটে টেবুলেশন শিট, প্রতি পাতায় ২০ জন।

১. মেনু থেকে **রেজাল্ট শিট** খুলুন।

২. ওপরে পরীক্ষা বাছুন: প্রথম সাময়িক, অর্ধবার্ষিক বা বার্ষিক।

৩. মিলিয়ে দেখুন, তারপর **পাঠান** চাপুন। শিট প্রধান শিক্ষকের কাছে যায়।

৪. অনুমোদন হলে আপনি জানতে পারবেন। তারপর অভিভাবকদের SMS পাঠানো যায়।

**তালিকা** ট্যাবে একই শিট ফোনের মাপে। PDF আর Excel দুটোই নামানো যায়।

# রিপোর্ট কার্ড

প্রতি শিক্ষার্থীর জন্য এক পাতার কার্ড, অভিভাবকের হাতে দেওয়ার মতো। বিষয় ধরে নম্বর, গ্রেড, শ্রেণির সর্বোচ্চ, হাজিরা আর আপনার মন্তব্য। মন্তব্য সারো নিজে বসায়, আপনি বদলাতে পারেন। **৬০টা কার্ড এক PDF-এ** চাপলে পুরো শাখার কার্ড একসাথে।




**ছবি ১৩.** রিপোর্ট কার্ড। মেধাক্রম অভিভাবকের কপিতে ছাপা হয় না।

অধ্যায় ৮

# দক্ষতা গ্রুপ আর প্র্যাকটিস

কে কোন অধ্যায় পারছে, কাকে কী দেবেন।

নম্বর তোলার পর সারো অধ্যায় ধরে শাখাকে তিন দলে ভাগ করে: **ভালো পারে, কিছুটা পারে, চেষ্টা করলে পারবে**। কোনো শিক্ষার্থীর নামের পাশে আলাদা তকমা থাকে না। নামগুলো দেখতে চাইলে **নামগুলো দেখুন** চাপুন।




**ছবি ১৪.** ভগ্নাংশ অধ্যায়ে তিনটা দল আর প্রতিটার জন্য সাজেস্ট করা শিট।

১. একটা দলের **প্র্যাকটিস দিন** চাপুন। সেই দলের শিট তৈরি হয়।

২. চাইলে **রিটেস্ট** দিন। রিটেস্টের নম্বর তুললে দল নিজেই বদলায়।

## প্র্যাকটিস প্যাক

প্রতিটা অধ্যায়ের তিন ধাপের শিট আছে, দলের সাথে মেলানো। সাথে শিক্ষক গাইড, গ্রুপ ট্র্যাকার আর সার্টিফিকেট। রঙিন আর সাদাকালো দুটোই।




**ছবি ১৫.** ধাপ ১ শিট, রঙিন প্রিন্ট।

# অ্যাসাইনমেন্ট

ছবিতে বা খাতায় জমা, রুব্রিক দিয়ে দেখা।

1. মেনু থেকে **অ্যাসাইনমেন্ট**, তারপর **নতুন**।
2. শিরোনাম, কী করতে হবে আর জমার তারিখ লিখুন।
3. রুব্রিক দেখে নিন: তিনটা দিক, প্রতিটার তিন ধাপ।
4. **দিন ও SMS পাঠান** চাপুন।




**ছবি ১৬.** নতুন অ্যাসাইনমেন্ট। ফোনে ছবি আর খাতায় জমা দুটোই চালু।

যে শিক্ষার্থীর ফোন আছে, সে খাতার ছবি তুলে জমা দেয়। ছবি ফোনেই ছোট হয়ে আসে। যার ফোন নেই, সে ক্লাসে খাতা জমা দেয়, আপনি টিক দেন। কেউ বাদ পড়ে না।




**ছবি ১৭.** কে ছবিতে জমা দিয়েছে, কে খাতায়, কার এখনো বাকি।

## দেখা আর মন্তব্য

একটা ছবিতে ট্যাপ করুন। পাশে রুব্রিক। প্রতিটা দিকের জন্য একটা ধাপ বাছুন: শুরু করেছে, ঠিক পথে, ভালো করেছে। একটা লাইন মন্তব্য লিখুন। **সেভ করে পরেরটা** চাপলে পরের জনের খাতা আসে। নম্বর ধারাবাহিক মূল্যায়নে যোগ হয়।




**ছবি ১৮.** খাতার ছবি আর রুব্রিক পাশাপাশি।

# ক্লাসের আরও কাজ

বাড়ির কাজ, মুখে মুখে কুইজ, লেসন প্ল্যান, রুটিন, স্মার্ট বোর্ড।

## বাড়ির কাজ

এক লাইনে লিখুন, শাখা বাছুন, **পাঠান**। চাইলে অভিভাবকরা SMS পান। খরচ আগেই দেখায়। পরে পাঠাতে চাইলে **সময় ঠিক করুন**।




**ছবি ১৯.** এক লাইনের বাড়ির কাজ আর SMS খরচ।

## মুখে মুখে কুইজ

শিক্ষার্থীর ফোন লাগে না। আপনার ফোনে বড় অক্ষরে প্রশ্ন আসে। জোরে পড়ুন। কে ঠিক বললো, তার নামে ট্যাপ করুন। দুবার ট্যাপ মানে ভুল। পুরো কুইজে একটাই টাইমার। ফল প্রত্যেকের খাতায় জমা হয়। নেট লাগে না।




**ছবি ২০.** প্রশ্ন ২, উত্তর দেখানো আছে। দুজন ঠিক বলেছে।

## লেসন প্ল্যান

সরকারি ফরম্যাটের ঘরগুলো পূরণ করুন। পাশে প্রিন্ট প্রিভিউ। প্রশ্নপত্র বা শিট সাথে জুড়ে দেওয়া যায়। **পরের সপ্তাহে কপি** চাপলে আবার লিখতে হয় না।




**ছবি ২১.** লেসন প্ল্যান, এক পাতায় প্রিন্ট হয়।

## রুটিন আর বদলি ক্লাস

সাপ্তাহিক রুটিনে আজকের দিন নীল। কোনো শিক্ষক ছুটিতে থাকলে বদলি ক্লাসের অনুরোধ আসে। **আমি নেবো** চাপলে আপনার রুটিনে যোগ হয়।

## স্মার্ট বোর্ড

ক্লাসের স্মার্ট বোর্ড বা টিভিতে সারো খুলুন। অধ্যায়ের রিক্যাপ, উত্তর লুকানো কুইজ আর বাড়িতে প্র্যাকটিসের QR কোড। ক্লাসের পেছন থেকেও পড়া যায়। একবার লোড হলে নেট ছাড়াই চলে।




**ছবি ২২.** স্মার্ট বোর্ডে কুইজ, সঠিক উত্তর সবুজ।

অধ্যায় ১১

# প্রশ্ন আর রিসোর্স যোগ করা

আপনার প্রশ্ন সবার কাজে লাগে, আপনি পয়েন্ট পান।

1. মেনু থেকে **প্রশ্ন যোগ করুন**।
2. ধরন, অধ্যায় আর শিখনফল বাছুন।
3. প্রশ্ন, অপশন আর ঠিক উত্তর লিখুন। দরকার হলে ছবি দিন।
4. **জমা দিন**। দুই মিনিটের কম লাগে।

প্রশ্ন দুই ধাপে যাচাই হয়: আগে আপনার স্কুলের আরেক শিক্ষক, তারপর অন্য স্কুলের একজন। যাচাই না হলে কেউ দেখে না। যতবার আপনার প্রশ্ন ব্যবহার হয়, পয়েন্ট বাড়ে। উপজেলার লিডারবোর্ডে আপনার নাম ওঠে।




**ছবি ২৩.** নতুন প্রশ্ন আর পাশে উপজেলার লিডারবোর্ড।

লেসন, স্লাইড বা ওয়ার্কশিট থাকলে **রিসোর্স লাইব্রেরি**তে যোগ করুন। একইভাবে যাচাই হয়, ব্যবহারে পয়েন্ট।

অধ্যায় ১২

# সমস্যা আর প্রশ্ন

যা প্রায়ই জিজ্ঞেস করা হয়।

### ? পিন ভুলে গেছি।

লগইন পাতায় **পিন আবার পাঠান** চাপুন। একই নম্বরে নতুন SMS যাবে। না এলে প্রধান শিক্ষককে বলুন।

### ? নেট ছাড়া হাজিরা নিলাম। গেলো কি?

ওপরের বিন্দু হলুদ থাকলে কাজ ফোনে জমা আছে। নেট এলে নিজেই যাবে। ফোন বন্ধ করলেও হারায় না।

### ? ভুল নম্বর দিয়ে শিট পাঠিয়ে দিয়েছি।

অনুমোদনের আগে হলে নম্বরের পাতায় গিয়ে ঠিক করুন, শিট নিজেই বদলাবে। অনুমোদনের পরে হলে প্রধান শিক্ষককে বলুন। কে কী বদলালো, সব লেখা থাকে।

### ? আমার বিষয় তালিকায় নেই।

যে বিষয়ে প্রশ্ন তৈরি হয়নি, সেটা লুকানো থাকে। নতুন বিষয় যোগ হলে জানাবো। আপনি নিজেও প্রশ্ন যোগ করতে পারেন।

### ? শ্রেণি বা বিষয় বদলাতে চাই।

সাত দিনে একবার বদলানো যায়। পরের সুযোগ কবে, শ্রেণি বাছাইয়ের পাতায় লেখা থাকে।

### ? অভিভাবক SMS পাননি।

অফিস থেকে নম্বরটা ঠিক আছে কি না দেখুন। অভিভাবক STOP লিখে বন্ধ করে থাকলে আর যায় না।

# এক নজরে

সবচেয়ে বেশি লাগে যে কাজগুলো।

| কাজ | কোথায় | সময় |
| --- | --- | --- |
| প্রশ্নপত্র | মেনু › প্রশ্নপত্র বানান | এক মিনিট |
| হাজিরা | আজকের পাতা › হাজিরা নিন | ৩০ সেকেন্ড |
| ৬০ জনের নম্বর | মেনু › নম্বর তোলা | ৫ মিনিটের কম |
| রেজাল্ট শিট পাঠানো | মেনু › রেজাল্ট শিট › পাঠান | এক ট্যাপ |
| রিপোর্ট কার্ড | মেনু › রিপোর্ট কার্ড | এক ট্যাপে ৬০টা |
| বাড়ির কাজ | মেনু › বাড়ির কাজ ও নোটিশ | ২০ সেকেন্ড |

- পিন কাউকে দেবেন না।
- হলুদ বিন্দু মানে কাজ ফোনে জমা, চিন্তা নেই।
- প্রশ্ন থাকলে প্রধান শিক্ষক, বা hello@shaaro.net।

**shaaro.net** · hello@shaaro.net · পর্দার ছবিতে নাম ও সংখ্যা নমুনা।